



গতকাল রাজধানীর বিয়াম ফাউন্ডেশনে অনুষ্ঠিত 'কারাবন্দী মাদক ব্যবহারকারীদের মধ্যে এইচআইভি ও মাদক ঝুঁকি হ্রাসকরণ' বিষয় চারদিনব্যাপী জাতীয় প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণকারী ও অতিথিবৃন্দ -দিনকাল

## প্রশিক্ষণ কর্মশালায় বক্তারা

# কারাগারকে মাদকমুক্ত করা জরুরি

কারাগারকে মাদকমুক্ত করা জরুরি। সেজন্য এই প্রশিক্ষণপ্রাপ্তগণকে তাদের সঙ্কল্পজন ব্যবহারিক কাজে প্রয়োগের জন্য তাগিদ দেন। কিভাবে কারাগারকে মাদকমুক্ত করা যায় সে বিষয়ে কর্তৃপক্ষসহ আইন প্রয়োগকারী সংস্থায় কর্মরত কর্মকর্তাবৃন্দকে সচেতন করার উদ্দেশ্যে এই প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। মাদকদ্রব্য গ্রহণকে আত্মহত্যার সঙ্গে তুলনা করা হয়েছে। গতকাল সোমবার রাজধানীর ইস্কাটনের বিয়াম ফাউন্ডেশন মাহবুব কবীর অডিটোরিয়ামে অনুষ্ঠিত 'কারাবন্দী মাদক ব্যবহারকারীদের মধ্যে এইচআইভি ও মাদক ঝুঁকি হ্রাসকরণ' বিষয় চারদিনব্যাপী জাতীয় প্রশিক্ষণ কর্মশালায় উদ্বোধনী অনুষ্ঠানে বক্তারা একথাগুলো বলেন।

ঢাকা আহছানিয়া মিশন ইউএনওডিসি রসা ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদফতরের সম্মিলিত উদ্যোগে আয়োজিত কর্মশালায় আহছানিয়া মিশনের প্রেসিডেন্ট কাজী রফিকুল আলমের

সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. শেখ আব্দুর রশিদ। অতিথি ছিলেন ইউএনওডিসি রসা-এর কনসালটেন্ট কারাগার বিশেষজ্ঞ ড. জয়দেব সারসী ও ইউএনওডিসি-এর বাংলাদেশের উপদেষ্টা ড. মোজাম্মেল হক। এছাড়াও স্বাগত বক্তব্য রাখেন ঢাকা আহছানিয়া মিশনের কর্মসূচি বিভাগের পরিচালক সফিকুল ইসলাম।

উদ্বোধনী অনুষ্ঠান শেষে 'পিয়ার গাইড'-এর মোড়ক উন্মোচন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. শেখ আব্দুর রশিদ। এই পিয়ার গাইডের উদ্দেশ্য হচ্ছে কারা কর্মকর্তা, কর্মচারী এবং কারাবন্দীদের প্রশিক্ষণ প্রদানের সহায়তা করা। এছাড়াও মাদক এইচআইভি এবং জীবন দক্ষতার মূল বিষয়সমূহ অন্তর্ভুক্ত রয়েছে এই পিয়ার গাইডে। এই জাতীয় প্রশিক্ষণ কর্মশালায় স্বরাষ্ট্র মন্ত্রণালয়, কারা অধিদফতর, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদফতর ও পুলিশের ২২ জন কর্মকর্তা অংশগ্রহণ করছেন।  
বিজ্ঞপ্তি